গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(সাধারণ শাখা)
www.narsingdi.gov.bd

**এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব আবু হেনা মোরশেদ জামান, জেলা প্রশাসক, নরসিংদী
সভার স্থান : জেলা প্রশাসক, নরসিংদী এর সম্মেলন কক্ষ
তারিখ : ১৬/০৬/২০১৫ খ্রি:
সময় : বিকাল ৩.০০ টা

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে উপস্থিত সদস্যগণকে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভায় উপস্থিত এনজিও সদস্যগন তাদের স্ব-স্ব কার্যক্রমের বিবরণ ও সমস্যাবলি উপস্থাপন করেন। সভাপতি সকলকে সহযোগিতার আশ্বাস দিয়ে প্রতি মাসে তাদের মাসিক প্রতিবেদন যথাসময়ে জমা দেয়ার অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | গ্রাম বিকাশ উন্নয়ন সংস্থা নরসিংদীতে শিক্ষা নিয়ে কাজ করেন। তিনি আগামী সভায় শিক্ষার উপর ১০ মিনিটের প্রেজেনটেশন উপস্থাপন করবেন। | গ্রাম বিকাশ উন্নয়ন সংস্থা / সহকারী প্রোগ্রামার,নরসিংদী |
| ০২. | সভায় সর্বসম্মতিক্রমে আগামী মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভা ২৭ জুলাই ২০১৫ তারিখ বিকাল ৩.৩০ টায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসন, নরসিংদী |
| ০৩. | যে সকল এনজিও শিক্ষা নিয়ে কাজ করে তাদের পরিচালিত স্কুলসমূহ জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,নরসিংদীগণকে নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,নরসিংদী |
| ০৪. | উপজেলা নির্বাহী অফিসারগণ এনজিও বিষয়ক ব্যুরোর নির্দেশনা অনুযায়ী প্রতি উপজেলায় মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভা করে সভার কার্যবিবরণীর কপি প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), নরসিংদী |
| ০৫. | এনজিওদের কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহোদয়ের ই-মেইল নম্বরে প্রেরণ করা যাবে। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহোদয়ের গোপনীয় সহকারী প্রতিবেদন ডাউনলোড করে নিবেন। | এনজিও (সকল)ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহোদয়ের গোপনীয় সহকারী, নরসিংদী |
| ০৬. | প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এনজিওদের মাসিক কার্যক্রমের প্রতিবেদন নির্ধারিত ছকে উপজেলা নির্বাহী অফিসে জমা দিতে হবে এবং রিসিভ কপিসহ জেলা কমিটির সভায় উপস্থিত থাকতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ০৭. | প্রতি উপজেলায় নিবন্ধনকৃত এনজিওর নাম, প্রতিষ্ঠান প্রধানের নাম, পদবী,ফ্যাক্স নম্বর, ই-মেইল ঠিকানা ও টেলিফোন নম্বর এবং কার্যালয়ের অবস্থান সংক্রান্ত হালনাগাদ তালিকা প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা সমাজসেবা অফিসার (সকল), নরসিংদী |
| ০৮. | সরকার পরিচালিত স্কুলের পাশাপাশি উপজেলা শিক্ষা অফিসারগণকে এনজিও সংস্থা কর্তৃক পরিচালিত স্কুলসমূহ পরিদর্শন করার নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নরসিংদী |
| ০৯. | জনসংখ্যা রোধকল্পে জন্মনিয়ন্ত্রণের উপকারিতা সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ১০. | আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে এনজিওসমূহ তাদের অডিট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদনের কপি জমা দিতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |

| | | |
|---|---|---|
| ১১. | এনজিও সমূহকে স্যানিটেশন, জন্ম নিবন্ধন, পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ প্রতিরোধ,মাদক নিরাময় ইত্যাদি কাজে গুরুত্ব প্রদান করতে হবে। | এনজিও (সকল), নরসিংদী |
| ১২. | মাঠ পর্যায়ে ত্রাণ কর্মসূচির কার্যক্রম সমন্বয়ের স্বার্থে এনজিওসমূহ জেলা প্রশাসকের সাথে যোগাযোগ স্থাপন করবে। জেলা প্রশাসক মহোদয় এনজিও সমূহকে ত্রাণ কার্যে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদান করবে। | এনজিও (সকল), নরসিংদী |
| ১৩. | নরসিংদী জেলার চরাঞ্চলে শিক্ষার হার কম। চরাঞ্চলে শিক্ষার হার বাড়াতে এনজিওদের অগ্রাধিকার ভিত্তিতে কাজ করতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ১৪. | জেলা ই-সেবা কেন্দ্র এবং ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে সেবা গ্রহণ করতে জনগণকে পরামর্শ দিতে এনজিওদেরকে জনসচেতনতা মূলক সভা আরও জোরদার করতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ১৫. | ইভটিজিং, বাল্য বিবাহ, মাদকদ্রব্য, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধে জনসচেতনতামূলক সভার কার্যক্রম আরও জোরদার করতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ১৬. | অনুপস্থিত এনজিও প্রতিনিধিকে অবশ্যই পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে, না হলে তাদের বিষয়ে উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, নরসিংদী আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, নরসিংদী |
| ১৭. | এনজিও বিষয়ক ব্যুরো এবং অন্যান্য সংস্থা হতে নিবন্ধনকৃত এনজিওদের সমন্বয়ে হালনাগাদ তথ্য সম্বলিত একটি এনজিও ডাইরেক্টরী প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয় । | ব্র্যাক/পাপড়ি ও এনজিও (সকল),নরসিংদী |
| ১৮. | সরকারীভাবে যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান সুবিধাদি পাচ্ছে সে সকল সুবিধা প্রদানের সময় এনজিওদের তরফ থেকে যেন পুনরায় ঐ সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এ ধরণের সুবিধাদি বিতরণের পূর্বে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ এনজিও (সকল), নরসিংদী |
| ১৯. | রেজিস্ট্রেশন বিহীন এনজিওকে জরুরি ভিত্তিতে রেজিস্ট্রেশন করতে হবে।যাদের রেজিস্ট্রেশন নেই তাদের বিষয়ে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নরসিংদী আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নরসিংদী |
| ২০. | জনসংখ্যা রোধকল্পে জন্মনিয়ন্ত্রণের উপকারিতা সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ২১. | প্রতিটি সভায় স্থানীয় সংস্থার নির্বাহী কর্মকর্তা এবং আর্ন্তজাতিক NGO এর ক্ষেত্রে জেলা প্রতিনিধি উপস্থিত থাকবেন। | এনজিও (সকল),নরসিংদী |
| ২২. | এনজিওদের প্রকল্পের অনুদান কোন সংস্থা থেকে কত টাকা বরাদ্দ পেলেন তার কপি দাখিল করতে হবে। | এনজিও (সকল),নরসিংদী |
| ২৩. | সভার নোটিশ এবং কার্যবিবরণী কপি নরসিংদী জেলার ওয়েব পোর্টাল এ প্রদর্শন করা হয়।এনজিওসমূহকে ওয়েব পোর্টাল থেকে সভার নোটিশ ও কার্যবিবরণীর কপি সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী প্রোগ্রামার, নরসিংদী ও এনজিও (সকল),নরসিংদী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু হেনা মোরশেদ জামান ২২/৭
জেলা প্রশাসক
নরসিংদী
ফোন: ৯৪৬২৫০০
dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৬৮০০.১০৫.০১.০৩০.১১- ৪৭৮ (৫০)    তারিখ: ২২/০৭/২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় (জ্ঞাতার্থে)

১। মুখ্য সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়,মৎস্য ভবন (১০ম তলা),রমনা, ঢাকা

৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪। উপ-পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়,মৎস্য ভবন (১০ম তলা),রমনা, ঢাকা

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। পুলিশ সুপার, নরসিংদী
২। সিভিল সার্জন, নরসিংদী
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদী
৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, সদর/মনোহরদী /পলাশ/শিবপুর/ রায়পুরা /বেলাব, নরসিংদী
৫। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর/মনোহরদী/পলাশ/শিবপুর/রায়পুরা/বেলাব, নরসিংদী
৬। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নরসিংদী
৭। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নরসিংদী
৮। উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নরসিংদী
৯। উপ-পরিচালক,জেলা সমাজসেবা অধিদপ্তর, নরসিংদী
১০। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নরসিংদী
১১। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নরসিংদী
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, নরসিংদী। তাকে প্রজেক্টরসহ সভায় উপস্থিত থাকা এবং সভার কার্যবিবরণী ও সভার নোটিশ ওয়েবপোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৩। জনাব ..........................................

নরসিংদী

২৪/০৭/১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা
সাধারণ শাখা
নরসিংদী
ফোন: ৯৪৬২০৩৮